

“নথিতে অনুমোদনক্রমে বরাদ্দ”

ফরম নং বাঃ এ, অ-১৪(ক)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সরকারি আবাসন পরিদপ্তর

নং ২৫.৪৩.০০০০.০০৪.১২.০৮৬.৯/৯৯ /১০২-(৭)

তারিখ ১১ অক্টোবর ১৯২৬ বঙ্গাব্দ
০১ অক্টোবর ২০১৯ খ্রীঃ

জনাব মোঃ মেহেদী হাসান,
ব্যক্তিগত কর্মকর্তা,
পরিকল্পনা বিভাগ, ঢাকা।

বিষয় : এফ, আর, ৪৫, এস, আর, ৩১১, ৩১২, ৩১৩, ৩১৪, ৩১৫, ৩১৬ এবং ৩১৭ পরবর্তী সংশোধনসমূহের দ্বারা নিয়ন্ত্রিত বিধি অনুযায়ী সরকারি বাসস্থান বরাদ্দের ব্যবস্থা।

জনাব, আজিমপুরস্থ বি-৮৩/ডি (ডি-১ শ্রেণী)

ঠিকানা সম্বলিত বাসাটি আপনার নামে সাময়িকভাবে বরাদ্দ করা হইল। এই বরাদ্দের দ্বারা বাসার উপর আপনার কোন অধিকার বর্তাইবে না। আপনি পরবর্তী আদেশ জারী না হওয়া পর্যন্ত বর্ণিত বাসাটিতে বসবাস করিতে পারিবেন। আপনার নামে পূর্বে বরাদ্দকৃত বাসস্থানটি (.....) খালি করিয়া গণপূর্ত বিভাগের অনুসন্ধান অফিসে হস্তান্তর করতঃ বর্তমান বরাদ্দকৃত বাসা খালি হওয়ার দিন হইতে ১০ (দশ) দিনের মধ্যে আপনাকে দখল গ্রহণ করিতে হইবে, অন্যথায় এই বরাদ্দপত্র বাতিল বলিয়া গণ্য হইবে।

এই বরাদ্দপত্র জারী হইবার দিন হইতে অথবা বাসাটি আপনার দখল গ্রহণের দিন হইতে আপনার নামে বাসাভাড়া ও অন্যান্য দাবী-দাওয়ার হিসাব শুরু হইবে। এই সমস্ত দাবী-দাওয়া আপনার অফিসের মারফত অথবা আপনার হিসাব রক্ষণ অফিসের দ্বারা প্রতি মাসে আপনার বেতন হইতে কর্তন করা হইবে। আপনি প্রাসঙ্গিক সমস্ত দাবী-দাওয়া নিয়মিতভাবে পরিশোধ করিবেন, যাহাতে কখনও কোন বকেয়া না হয়। অন্যথায় আপনার অন্যত্র বদলি অথবা চাকুরী হইতে অবসর গ্রহণ ইত্যাদি বাবদ বাসা হস্তান্তরের সময় আপনাকে হয়ত ছাড়পত্র গ্রহণ বাবদ অনাকাঙ্ক্ষিত নানাবিধ অসুবিধার মোকাবেলা করিতে হইতে পারে।

বরাদ্দপ্রাপ্ত বাসস্থানে আপনার অবস্থানকালীন সময়ে বিদ্যুৎ বিল বকেয়া থাকার তথ্য প্রমাণিত হইলে বরাদ্দপত্র বাতিল করা হইবে। খালি সাপেক্ষে

আপনার বিশ্বস্ত

(নুরউদ্দিন আহমেদ)

উপ-পরিচালক/সহঃ-পরিচালক

সমীপেষু :

- (১) অফিস, সরকারী পরিচালক, পরিকল্পনা বিভাগ, পরিকল্পনা মন্ত্রণালয়, শেরে বাংলা নগর, ঢাকা
- (২) ভাড়া শাখা, অত্র পরিদপ্তর। বরাদ্দ প্রাপকের মাসিক মূল বেতন টাকা ২২৫৫০/-
- (৩) অনুসন্ধান অফিস, আজিমপুর এলাকা।
- (৪) প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, পরিকল্পনা মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
- (৫) নির্বাহী প্রকৌশলী, আজিমপুর গণপূর্ত বিভাগ, নিউ মার্কেট, ঢাকা।
- (৬) উপ-বিভাগীয় প্রকৌশলী, গণপূর্ত উপ-বিভাগ-১, আজিমপুর, ঢাকা।
- (৭) সহকারী পরিচালক, আইসিটি শাখা, অত্র পরিদপ্তর, ঢাকা
- (৮) পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী অত্র পরিদপ্তর, ঢাকা।
- (৯) স্বাস্থ্য পরিদর্শক, আজিমপুর এলাকা, অত্র পরিদপ্তর।
- (১০) গার্ড ফাইল।

(১৫)

(নুরউদ্দিন আহমেদ)

উপ-পরিচালক/সহঃ-পরিচালক

দখলের রিপোর্ট

বাসা নং.....যাহা অত্র অফিস মারফত পত্র নং.....তাং.....

এ দ্বারা বরাদ্দ হইয়াছে, অদ্য আমাকর্তৃক দখলভুক্ত হইয়াছে।

নাম.....পদবী.....অফিস.....